# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৫৬

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৭. রাসূলুল্লাহ (ﷺ) এর উযুর বর্ণনা

بَابُ وُضُوءِ رَسُولِ اللَّهِ ـ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

نَا إِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، نَا الْعَبَّاسُ بْنُ الْفَضْلِ بْنِ رُشَيْدٍ وَحَدَّثَنَا دَعْلَجُ بْنُ أَحْمَدَ ، ثَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ ، قَالَا : نَا الْمُسَيَّبُ بْنُ وَاضِحٍ ، نَا حَفْصُ بْنُ مَيْسَرَةَ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ ، عَنِ ابْنِ عُمَرَ ، قَالَ : تَوَضَّأَ رَسُولُ اللَّهِ ـ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مَرَّةً مَرَّةً ، وَقَالَ : " هَذَا وُضُوءُ مَنْ لَا يَقْبَلُ اللَّهُ مِنْهُ الصَّلَاةَ إِلَّا بِهِ " . ثُمَّ تَوَضَّأَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ ، وَقَالَ : " هَذَا وُضُوءُ مَنْ يُضَاعِفُ اللَّهُ لَهُ الْأَجْرَ مَرَّتَيْنِ " . ثُمَّ تَوَضَّأَ ثَلَاثًا ثَلَاثًا ، وَقَالَ : " هَذَا وُضُوئِي وَوُضُوءُ الْمُرْسَلِينَ مِنْ قَبْلِي " . تَفَرَّدَ بِهِ الْمُسَيَّبُ بْنُ وَاضِحٍ ، عَنْ حَفْصِ بْنِ مَيْسَرَةَ ، وَالْمُسَيَّبُ ضَعِيفٌ

বাংলা

২৫৬(৪). ইসমাঈল ইবনে মুহাম্মাদ আস-সাফফার (রহঃ) ... ইবনে উমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উযুর অঙ্গগুলো একবার করে ধৌত করেন এবং বলেনঃ এটা হলো উযু যা ব্যতীত আল্লাহ কারো নামায কবুল করেন না। তারপর তিনি উযুর অঙ্গগুলো দুইবার করে ধৌত করেন এবং বলেনঃ এটা এমন ব্যক্তির উযু আল্লাহ তাকে দ্বিগুণ সওয়াব দিবেন। তারপর তিনি উযুর অঙ্গগুলো তিনবার করে ধৌত করেন এবং বলেনঃ এটা হলো আমার উযু এবং আমার পূর্বেকার নবী-রাসূলগণের উযু।

এই হাদীস হাফস ইবনে মাইসারা (রহঃ) থেকে কেবল আল-মুসায়্যাব ইবনে ওয়াদেহ (রহঃ) একাই বর্ণনা করেছেন। আর আল-মুসায়্যাব হাদীসশাস্ত্রে দুর্বল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80045

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন